



১৫/০৩/২০২০

করোনাভাইরাস সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

করোনাভাইরাস সংক্রমণের বিস্তার রোধকল্পে স্পেন সরকার ও বাংলাদেশ সরকারের ঘোষিত বিভিন্ন ব্যবস্থা/বিধান/নীতিমালার ভিত্তিতে স্পেন প্রবাসি সকল বাংলাদেশি সদস্যকে নিম্নলিখিত বিষয়গুলো মেনে চলার জন্য অনুরোধ জানানো যাচ্ছে:

- ১। স্পেন থেকে বাংলাদেশে ভ্রমণ না করা। এ বিষয়ে মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সংবাদ সম্মেলনের ভিডিও ইতিমধ্যে দূতাবাসের ফেইজবুক পেজে আপলোড করা হয়েছে।
- ২। কর্মক্ষেত্র, ফার্মেসি, হাসপাতাল ও খাদ্য-সরবরাহকারী দোকানে যাওয়ার ক্ষেত্রে স্পেন সরকার কর্তৃক ঘোষিত বিধিনিষেধ সম্পূর্ণরূপে মেনে চলা। উল্লেখিত জায়গাসমূহ ব্যতীত আর কোনো জায়গায় না যাওয়া।
- ৩। দূতাবাসের স্বাভাবিক কনস্যুলার কার্যক্রম বন্ধ থাকবে। কারও জরুরী সেবার প্রয়োজন হলে তাকে দূতাবাসের হটলাইন, ৬৭১১৯৬৯৯২, নম্বরে কল করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। চলাফেরার উপর বিধিনিষেধ যতদিন কার্যকর থাকবে ততদিন জরুরী সেবা প্রদানের জন্য দূতাবাস এর হটলাইন সার্বক্ষণিকভাবে চালু থাকবে।
- ৪। অসুস্থ্য বোধ করা বা উপসর্গ দেখা দেয়া মাত্র হাসপাতালে যাওয়া বা ডাক্তারের সাথে যোগাযোগ করা।
- ৫। যে-সব দায়িত্বশীল প্রবাসি ভাই-বোন আক্রান্ত রোগীদের খবরসহ বিভিন্ন তথ্য দিয়ে সহায়তা করছেন তাদেরকে দূতাবাস আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছে। দূতাবাসের হটলাইনে ফোন করে যে কোনো আক্রান্ত ব্যক্তি, তাঁর আত্মীয়, বা বন্ধু তথ্য প্রদান করতে পারেন। দূতাবাস এ ধরনের তথ্য সম্পূর্ণরূপে গোপন রাখছে। ফলে আপনি নিশ্চিন্তে দূতাবাসের হটলাইনের মাধ্যমে দূতাবাসকে তথ্য পৌঁছে দিতে পারেন।
- ৬। দূতাবাস প্রত্যাশা করে যে, সকল প্রবাসি ভাইবোন সঙ্কটকালীন সময়ে দায়িত্বশীল, ভ্রাতৃত্বমূলক, সহযোগিতামূলক ও মানবিক আচরণ করবেন।

উপরোক্ত ব্যবস্থাাদি পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করা পর্যন্ত কার্যকর থাকবে। সকলের মঙ্গল কামনায়,




১৫/০৩/২০২০

(হারুন আল রশিদ)
মিনিস্টার/মিশন উপ-প্রধান